দৈনিক খবর

তারিখ 06 APR 1991 ... 6 ...
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 6 ...

13

### বাকরের হাট জুনিয়ার স্কুল

# ফরমের টাকা নিয়ে করণিক উধাও ঃ পরীক্ষার্থীদের ভবিষ্যৎ অনিশ্চিত

উলিপুর (কুড়িগ্রাম), ৫ই এপ্রিল (সংবাদদাতা)।- ভুয়া ফরম দিয়ে ২৩৬ জন পরীক্ষার্থীর ফরম পুরণ করে, লক্ষাধিক টাকা নিয়ে স্কুলের করণিক উধাও হওয়ার খবর পাওয়া গেছে। অন্যদিকে এসব পরীক্ষার্থীর পরীক্ষা দেয়া অনিশ্চিত হয়ে পড়েছে বলে জানা গেছে।

প্রকাশ, উপজেলার বাকরের হাট জুনিয়ার স্কুল নামে একটি শিক্ষা প্রতিষ্ঠান ১৯৭৩ ইং সালে স্থাপিত হয়। এর পর নিয়ম অনুসারে ১৯৮৯ ইং সালে ৯ম শ্রেণী অনুমোদন দেয়া হয়। এ ব্যাপারে ডিও পরিদর্শন করে ৯ম শ্রেণীতে ২৮ জন ছাত্রকে দেখতে পান। ৯০-এর ৪ঠা মার্চ আবারও ডি ও সাহেব পরিদর্শনকালে ১০ম শ্রেণীতে ঐ ২৮ জন ছাত্রকে পান এবং তার সুপারিশ মত ঐ ২৮ জন ছাত্রকে বিশেষ বিবেচনায় কুড়িগ্রাম সরকারী উচ্চ বিদ্যালয় থেকে পরীক্ষা দেয়ার অনুমতি দেয়া হয়।

পরবর্তীতে ১৪ই জানুয়ারী ৯১ইং বোর্ডের জনৈক পরিদর্শক হাবিবুর রহমান কাবিলী পরিদর্শন করেন। এরপর স্কুলের করণিক জাহেরুল ইসলাম মন্ডল তার ২ জন সহযোগীর সহায়তায় বোর্ডের ফরম পূরণ করে ছাত্রদের কাছ থেকে ১২শ' থেকে ২২শ' টাকা পর্যন্ত গ্রহণ করেন। এরপর ঐ করণিক টাকা নিয়ে রাজশাহী গিয়েছে বলে উধাও হন। সেই থেকে তার আর পাত্তা পাওয়া যাচ্ছে না। উল্লেখ্য, বোর্ডের সচিব শাহজাহান ঐ করণিকের আপন ভগ্নিপতি বলে জানা গেছে। ইতোমধ্যে এ ব্যাপারটি পরীক্ষার্থীদের মধ্যে জানাজানি হলে তারা স্কুল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করলেও কোন ফল হয়নি। ঘটনাটি উপজেলা চেয়ারম্যান জেনে একটি মিটিং করেছেন বলে জানা গেছে।

এ ব্যাপারে গত ২৫শে মার্চ স্কুলের প্রধান শিক্ষকের সাথে যোগাযোগ করলে তিনি ঘটনার সত্যতা স্বীকার করেন। এত কিছু তিনি জানেন না বলে জানান। তবে তিনি জানান এর সাথে অন্য প্রতিষ্ঠানেরও অনেক শিক্ষক জড়িত বলে মনে করেন।

এই পরীক্ষার্থী ছাত্রছাত্রীদের পরীক্ষা দেয়ার ব্যাপারটি এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি করেছে এবং সাথে সাথে পরীক্ষার্থীদের অভিভাবকরা দুশ্চিন্তাগ্রস্ত হয়ে পড়েছেন।